# কৌশলপত্র ২০৩০ নিউজলেটার

ইস্যু নং ৪ সেপ্টেম্বর ২০২৫

## স্থানীয় সরকার বিভাগের বার্ষিক সিটি গভর্ন্যান্স এসেসমেন্ট



সিটি কর্পোরেশনসমূহের পরিচালন ব্যবস্থার (গভর্ন্যান্স) উন্নয়ন পরিমাপের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ বার্ষিক সিটি গভর্ন্যান্স এসেসমেন্ট (সিজিএ) শুরু করেছে। উক্ত সিজিএ-এর মাধ্যমে C4C 2 এর সহযোগিতায় এলজিডি কর্তৃক নির্ধারিত সূচকের ভিত্তিতে সিটি কর্পোরেশনসমূহের মূল প্রশাসনিক কার্যক্রম, আর্থিক ব্যবস্থাপনা ও নাগরিক সম্পৃক্ততার ক্ষেত্রসমূহ এসেসমেন্ট করা হয়।

২৪ জুলাই ২০২৫ তারিখে স্থানীয় সরকার বিভাগের সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত সিটি কর্পোরেশন গভর্ন্যান্স উন্নয়ন কৌশলপত্র ২০৩০ (এসজিআই) সম্পর্কিত স্টিয়ারিং কমিটির ষান্মাসিক সভায় স্থানীয় সরকার বিভাগ গত দুই অর্থ বছরে পরিচালিত ১ম ও ২য় সিজিএ-এর ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারী সিটি কর্পোরেশনসমূহকে শ্রেষ্ঠ কর্মসম্পাদনার স্বীকৃতিস্বরূপ সম্মাননা প্রদান কর হয়।

### সিটি গভর্ন্যান্স এসেসমেন্ট (সিজিএ) এর ফলাফল

| স্থান | ১ম সিজিএ<br>অর্থবছর ২০২২-২০২৩ | ২য় সিজিএ<br>অর্থবছর ২০২৩-২০২৪ |
|---|---|---|
| 1 | রংপুর | চট্টগ্রাম |
| 2 | চট্টগ্রাম<br>সিলেট<br>কুমিল্লা | কুমিল্লা |
| 3 | নারায়ণগঞ্জ | সিলেট |

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব মোঃ রেজাউল মাকসুদ জাহেদী সিটি গভর্ন্যান্স এসেসমেন্ট-কে একটি অত্যন্ত কার্যকর উদ্যোগ হিসেবে ভূয়সী প্রশংসা করেন এবং সিটি কর্পোরেশনগুলোকে গভর্ন্যান্স উন্নয়নে ধারবাহিক ভূমিকা রাখার জন্য উৎসাহিত করেন। তিনি বার্ষিক কর্মদক্ষতা মূল্যায়নে সিজিএ-কে প্রাতিষ্ঠানিকীকরণের জন্য স্থানীয় সরকার বিভাগের অঙ্গিকার পুনর্ব্যক্ত করেন এবং পরিষেবা প্রদানের ফলাফল ও উদ্ভাবনী অনুশীলন অন্তর্ভুক্ত করে এর পরিধি সম্প্রসারণে আগ্রহ প্রকাশ করেন।

## স্থানীয় সরকার বিভাগ ও জাইকা'র জয়েন্ট কোঅর্ডিনেশন কমিটি (জেসিসি)-র সভা

একই দিনে, স্থানীয় সরকার বিভাগ ও জাইকা'র জয়েন্ট কোঅর্ডিনেশন কমিটি (জেসিসি)-র সভা অনুষ্ঠিত হয়। সভায় স্থানীয় সরকার বিভাগের যুগ্ম সচিব ও C4C 2- এর প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার এবং C4C 2 প্রকল্পের টিম লিডার মিস নাওকো আনজাই প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করেন এবং এর উলেখযোগ্য অনুশীলনগুলো তুলে ধরেন। এর মধ্যে রয়েছে:

- স্থানীয় সরকার বিভাগ সিটি কর্পোরেশনের জন্য বাজেট ব্যবস্থাপনা ম্যানুয়াল এবং হালনাগাদকৃত বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন নির্দেশিকা জারি করেছে।
- স্থানীয় সরকার বিভাগের মধ্যমেয়াদী প্রশিক্ষণ পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে জাতীয় স্থানীয় সরকার ইনষ্টিটিউট সিটি কর্পোরেশনসমূহের জন্য প্রশিক্ষণ পরিকল্পনা প্রস্তুত করেছে।
- সিটি কর্পোরেশন কর্তৃক মানসম্মত বাজেট ব্যবস্থাপনা এবং পদ্ধতিগতভাবে বার্ষিক প্রতিবেদন প্রস্তুত করা হচ্ছে।
- নাগরিক বাজেট, করদাতাদের জন্য সচেতনতামূলক ট্যাক্স ক্যাম্পেইন কার্যক্রম এবং নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের অনলাইন নাগরিক জরিপসহ নাগরিক সম্পৃক্ততা কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।

জাইকা বাংলাদেশ অফিসের সিনিয়র রিপ্রেজেন্টেটিভ এবং জয়েন্ট কোঅর্ডিনেশন কমিটির কো-চেয়ার জনাব এইজি ইয়ামাদা স্থানীয় সরকার বিভাগ, জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট এবং সিটি কর্পোরেশনের নেতৃত্ব এবং কর্মনিষ্ঠার প্রশংসা করেন।

*C4C 2: "শহরের জন্য সক্ষমতা" এর দ্বিতীয় পর্যায়, জাইকার কারিগরি সহযোগিতায় সিটি কর্পোরেশনগুলির জন্য এলজিডির সক্ষমতা উন্নয়ন প্রকল্প।

# সিটি কর্পোরেশনে নাগরিক সম্পৃক্ততা ও বাজেট ব্যবস্থাপনা শক্তিশালীকরণ



প্রশিক্ষণ উপকরণ হস্তান্তর

জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) ২০২৫ সালের জুলাই থেকে আগস্ট পর্যন্ত সিটি কর্পোরেশনের কর্মকর্তাদের জন্য নাগরিক সম্পৃক্ততা এবং বাজেট ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করে। C4C 2 প্রকল্পের সহায়তায় গত বছরের কোর্স পরিচালনার সফলতার উপর ভিত্তি করে এবছর সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ/শাখার কর্মকর্তাদের এ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। মানসম্মত সেবা প্রদানের লক্ষে নাগরিক সম্পৃক্তকরণ প্রশিক্ষণটি প্রশিক্ষণার্থীদেরকে নাগরিকদের সাথে কার্যকর যোগাযোগ স্থাপন, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সরাসরি নাগরিকদের অংশগ্রহণ, নাগরিক মতামত সংগ্রহের পদ্ধতি এবং অন্যান্য ব্যবহারিক উপকরণসমূহ সম্পর্কে ধারণা প্রদান করেছে, যেগুলো ব্যবহারের মাধ্যমে তারা খুব সহজে নাগরিকদের সাথে তথ্যের আদান প্রদান করতে পারে।

অন্যদিকে, বাজেট ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ কোর্সটি বাজেট এবং অ্যাকাউন্টিং ক্লাসিফিকেশন সিস্টেম (BACS) এর সাথে সামঞ্জস্য রেখে সিটি কর্পোরেশনের বাজেট ও হিসাব-সংক্রান্ত নথিপত্র প্রস্তুত করার ক্ষেত্রে কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি করেছে। উভয় উদ্যোগই ২০২৪ সালের জুনে অনুমোদিত সিটি কর্পোরেশনের জন্য প্রণীত প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়নে স্থানীয় সরকার বিভাগের দৃঢ় প্রতিশ্রুতির এক বাস্তব প্রতিফলন।



নাগরিক সম্পৃক্ততা প্রশিক্ষণ



বাজেট ব্যবস্থাপনা প্রশিক্ষণ



হিসাব বই হস্তান্তর

এ ধরণের প্রচেষ্টাকে অব্যাহত রাখতে, স্থানীয় সরকার বিভাগের মাননীয় সচিব জনাব মোহাম্মদ রেজাউল মাকসুদ জাহেদীর উপস্থিতিতে C4C 2 প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম মজুমদার, এনআইএলজি-এর মহাপরিচালক জনাব মোঃ আব্দুল কাইয়ুমের কাছে আনুষ্ঠানিকভাবে প্রশিক্ষণ উপকরণসমূহ হস্তান্তর করেন। হোল্ডিং ট্যাক্স নির্ধারণ ও আদায়ে সিটি কর্পোরেশন কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ এবং এনআইএলজি'র আগ্রহকে গুরুত্ব দিয়ে C4C 2 প্রকল্প কর্তৃক প্রস্তুতকৃত প্রশিক্ষণের সকল উপকরণও এনআইএলজি'র নিকট হস্তান্তর করা হয়।

নাগরিক সম্পৃক্ততা, বাজেট ব্যবস্থাপনা এবং হোল্ডিং ট্যাক্স ব্যবস্থাপনা সিটি কর্পোরেশনের কার্যকর পরিষেবা প্রদানের মূল ভিত্তি হিসেবে বিবেচিত। নতুন প্রশিক্ষণ উপকরণসমূহ হাতে পেয়ে এনআইএলজি এখন আরও বিস্তৃত পরিসরে প্রশিক্ষন কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হবে, যারফলে আরও বেশীসংখ্যক সিটি কর্পোরেশন কর্মকর্তা প্রাসঙ্গিক জ্ঞান ও দক্ষতা অর্জন করে নাগরিকদেরকে মানসম্মত পরিষেবা প্রদান করতে পারবে।